

৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদের উন্নয়ন সহায়তা তহবিলের পিবিজি সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব, মিজানুর রহমান মোল্লা
সভার স্থান : ইউপি সভা কক্ষ
তারিখ : ০১/০৬/ ২০২৩ খ্রিঃ
সময় : সকাল ১১.৩০ ঘটিকা
সভায় উপস্থিত : পরিশিষ্ট- ক
সভায় অনুপস্থিত : পরিশিষ্ট- খ
আলোচ্য সূচীঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।

২। ২০২২-২০২৩ অর্থ বছরের ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের পিবিজি কিস্তির বরাদ্দের উপর ওয়ার্ড সভার মাধ্যমে গৃহিত স্কিমগুলোর মধ্য হইতে স্কীম বাছাই ও গ্রহণ করে উপজেলা উপজেলা বিজিসিসি কমিটির অনুমোদনের জন্য প্রেরণ এবং উন্মুক্ত সভায় গঠিত ওয়ার্ড কমিটি ও স্কিম সুপারভিশন কমিটি অনুমোদন প্রসঙ্গে।

৩। বিবিধঃ-

সভার সভাপতি জনাব মিজানুর রহমান মোল্লা (ইউপি চেয়ারম্যান) সাহেব উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি ইউনিয়ন পরিষদের উপস্থিত সকল ইউপি সদস্যের সার্বিক সহযোগিতা কামনা করেন।

১.০০ : সভায় সভাপতি সাহেব এর আদেশ ক্রমে ইউপি সচিব বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন এবং এতে কোন সংশোধন না থাকায় তা সর্ব সম্মতি ক্রমে অনুমোদন করেন।

২.০০ : সভায় সভাপতি সাহেব আলোকপাত করেন যে, ২০২২-২০২৩ অর্থ বছরের ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় (পিবিজি) ৪,৪৫,৫০০/- (চার লক্ষ পাঁচ চল্লিশ হাজার পাঁচশত) টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উক্ত বরাদ্দকৃত অর্থ দ্বারা প্রকল্প বাস্তবায়ন করতে হলে ইউনিয়ন পরিষদ ম্যানুয়েল এর নীতিমালা অনুসারে ওয়ার্ড উন্মুক্ত সভায় গৃহিত স্কীমের মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে স্কীম বাছাই ও গ্রহণ করতে হইবে এবং উন্মুক্ত সভার গৃহিত অগ্রাধিকার স্কীম ইউনিয়ন পরিষদের সভায় অনুমোদন করে বাস্তবায়ন জন্য উপজেলা বিজিসিসি কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করতে হইবে। উপজেলা বিজিসিসি কমিটিতে অনুমোদিত স্কীম বাস্তবায়ন করতে হলে প্রত্যেকটি ওয়ার্ডে উন্মুক্ত ওয়ার্ড সভার মাধ্যমে গঠিত ওয়ার্ড কমিটি ও স্কীম তদারকী (এসএসসি) কমিটি ইউনিয়ন পরিষদের সভায় অনুমোদন করতে হবে।

সিদ্ধান্তঃ

বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সদস্যগণ ও ইউপি চেয়ারম্যান সাহেব ২০২২-২০২৩ অর্থ বছরের ওয়ার্ড উন্মুক্ত সভায় গৃহিত প্রকল্প গুলোর মধ্য হইতে অগ্রাধিকার ভিত্তিতে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিলের পিবিজির বরাদ্দকৃত অর্থের অনুকূলে নিম্নোক্ত প্রকল্পটি গ্রহণ করেন এবং উক্ত প্রকল্পটি উপজেলা বিজিসিসি কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করার সিদ্ধান্ত নেন এবং গৃহিত প্রকল্প বাস্তবায়নের জন্য ওয়ার্ড উন্মুক্ত সভায় গঠিত ওয়ার্ড কমিটি ও স্কীম তদারকী (এসএসসি) কমিটি অনুমোদন করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়।

ক্রঃ নং	প্রকল্পের নাম	বরাদ্দের পরিমাণ	ওয়ার্ড	মন্তব্য
১	রূপাপাত ইউনিয়নের ১-৯ নং ওয়ার্ডের হত দরিদ্র কৃষিকদের মাঝে স্প্রে মেশিন বিতরণ।	৪,৪৫,৫০০/- টাকা	১-৯	কৃষি খাত

অতঃপর সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মিজানুর রহমান মোল্লা
চেয়ারম্যান
৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদ
বোয়ালমারী, ফরিদপুর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদ কার্যালয়
সুতালিয়া, বড়পাশা, বোয়ালমারী, ফরিদপুর।

স্মারক নং : রূপা/ইউপি/ ২০২২-৩৮

তারিখঃ ০১/০৬/২০২৩ খ্রিঃ

অনুলিপিঃ- সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ-

- ১) জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২) উপ পরিচালক (উপ সচিব) স্থানীয় সরকার শাখা, ফরিদপুর।
- ৩) উপজেলা চেয়ারম্যান, বোয়ালমারী, ফরিদপুর।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালমারী, ফরিদপুর।
- ৫) উপজেলা প্রকৌশলী, বোয়ালমারী, ফরিদপুর।
- ৬) ইউপি সদস্য/সদস্য ৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদ।

মিজানুর রহমান মোল্লা
চেয়ারম্যান
৯নং রূপাপাত ইউনিয়ন পরিষদ
বোয়ালমারী, ফরিদপুর